গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর , ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৪-২৬৯ তারিখ : ১০ মার্চ, ২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৪-২৫ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা শিক্ষাক্রমের ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব, এইচএসসি (ভোকেশনাল)-একাদশ ও দ্বাদশ শ্রেণি, এইচএসসি (বিএমটি)- একাদশ ও দ্বাদশ শ্রেণি, এসএসসি (ভোকেশনাল)/ দাখিল(ভোকেশনাল) - নবম ও দশম শ্রেণি এবং প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা,২০২৩' এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

## নির্দেশনা-১

১। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী বাছাইয়ে অনুসরণীয় ধাপসমূহ:

ক) সকল নিয়মিত শিক্ষার্থীর নিকট থেকে আবেদন আহ্বান করে প্রতিষ্ঠান প্রধান বিজ্ঞপ্তি প্রকাশ করবেন;

খ) প্রতিষ্ঠান প্রধান সকল বিভাগীয় প্রধানদের নিয়ে সভা করে যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের প্রক্রিয়া বুঝিয়ে দিবেন এবং শিক্ষকদের মধ্যে দায়িত্ব বন্টন করবেন;

গ) বিভাগীয় প্রধানগণ তালিকা প্রস্তুত করে অধ্যক্ষের নিকট জমা দিবেন;

ঘ) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির মাধ্যমে তালিকা অনুমোদন করে Student MIS ID (যাদের এন্ট্রি পূর্বে সম্পন্ন হয়েছে), পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার ও হাজিরার শতকরা হারসহ প্রকাশ করতে হবে, তালিকায় কোনো প্রকার অসঙ্গতি থাকলে প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির সদস্যগণ দায়ী থাকবেন;

ঙ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর মাধ্যমে SAF (Student Application Form) পূরণ করিয়ে নিতে হবে (জন্ম নিবন্ধন সনদে নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভেরিফাইড, পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড, মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাইড এবং সক্রিয় হতে হবে);

চ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত সকল তথ্য জমাকৃত ডকুমেন্টের সাথে মিলিয়ে দেখে সংশোধনের ব্যবস্থা নিয়ে SAF (Student Application Form)- এ "এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে স্বাক্ষর করাতে হবে;

ছ) যারা ইতোপূর্বে উপবৃত্তি পেয়েছে এ সকল শিক্ষার্থীদের ক্ষেত্রেও তাদের পূর্বে পূরণকৃত SAF (Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে চলমান তারিখে স্বাক্ষর করাতে হবে একইসাথে বিভাগীয় প্রধান ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন;

জ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ডকুমেন্ট সহ ফরম বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন;

ঝ) প্রতিষ্ঠান প্রধান নির্ধারিত শিক্ষকের মাধ্যমে ডাটা এন্ট্রির ব্যবস্থা নিবেন;

ঞ) ডাটা এন্ট্রির পূর্বে অবশ্যই প্রতিষ্ঠান কনফিগারেশনের অধীন শিক্ষার্থী তথ্য আপডেট করতে হবে অন্যথায় উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

(ট) অব্যবহিত পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;

(ঠ) ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের কোন শিক্ষার্থীর পূর্ববর্তী বিভিন্ন পর্বে এক বা একাধিক বিষয়ে রেফার্ড থাকলে কিন্তু অব্যবহিত পূর্ববর্তী পর্বে (যে পর্বে উপবৃত্তি প্রদান করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী পর্ব) সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীগণ নিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে, সেক্ষেত্রে শিক্ষার্থীর জিপিএ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে জেনে নিতে হবে;

(ড) পূর্বে কোনো কারিগরি প্রতিষ্ঠানে কারিগরি কোর্সে অধ্যয়নরত থাকলে এবং সেখানে কারিগরি উপবৃত্তি পেয়ে থাকলে ঐ সকল

শিক্ষার্থীর তথ্য পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান হতে DTE Stipend MIS –এর মাধ্যমে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানে ট্রান্সফার করে নিতে হবে;

(ঢ) দশম শ্রেণির যে সকল শিক্ষার্থী ২০২৫ সালে এসএসসি পরীক্ষা দিবে তাদের তথ্য Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;

(ণ) ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের ৮ম পর্বের শিক্ষার্থীদের তথ্য Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;

(ত) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা সংশ্লিষ্ট RDO অফিসে DTE Stipend MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে;

(থ) একই শিক্ষার্থীর একাধিক ডাটা এন্ট্রি হয়ে থাকলে শুধুমাত্র একটি ডাটাই প্রেরণ করতে হবে। কোন ক্রমেই ডুপ্লিকেট ডাটা প্রেরণ করা যাবে না;

(দ) প্রতিষ্ঠানের শিক্ষার্থী বাছাই কমিটি কর্তৃক শিক্ষার্থীর তালিকা অনুমোদন সংক্রান্ত রেজুলেশন MIS এর ভেতর Configuration > Institute Setup > Institute List > Edit > Attachment>Others অংশে Upload (pdf form) এবং ই- মেইলের মাধ্যমে স্ব-স্ব আঞ্চলিক অফিসে প্রেরণ করবেন।

(ধ) USER PASSWORD সংক্রান্ত জটিলতার জন্য প্রতিষ্ঠানের প্যাডে যথাযথ ব্যাখ্যাসহ মহাপরিচালক বরাবর আবেদন করে Stipend.dte@gmail.com-এ পাঠাতে হবে, যা DTE Stipend MIS-এ প্রতিষ্ঠানের নিবন্ধিত ই-মেইল থেকেই প্রেরণ করতে হবে। যাচাই বাছায়ের পর প্রতিষ্ঠানের ই-মেইলে Reply হিসেবে PASSWORD প্রদান করা হবে। PASSWORD সংক্রান্ত আবেদন একবারের বেশি বিবেচনায় নেওয়া হবে না।

## নির্দেশনা-২

| ক্রম | কার্যক্রম | কার্যক্রম গ্রহণের তারিখ |
|---|---|---|
| ০১ | উপবৃত্তি প্রদানযোগ্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত, কমিটি কর্তৃক অনুমোদন ও রেজুলেশন স্ব-স্ব আঞ্চলিক অফিসে প্রেরণ | ১৫/০৩/২০২৫ খ্রি. তারিখ হতে ২৫/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে |
| ০২ | নতুন শিক্ষার্থীর ডাটা এন্ট্রি ও বেনিফিসিয়ারীতে বিদ্যমান শিক্ষার্থী তথ্য হালনাগাদপূর্বক আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ | ০৬/০৪/২০২৫ খ্রি. হতে ২৬/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে |
| ০৩ | যাচাই-বাছাইয়ান্তে আঞ্চলিক কার্যালয় হতে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ | ২৭/০৪/২০২৫ খ্রি. হতে ০৬/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে |
| ০৪ | জুম মিটিং এর মাধ্যমে ৮টি বিভাগের প্রতিষ্ঠান প্রধান/ ফোকাল পার্সনদের সাথে ডাটা এন্ট্রি সংক্রান্ত প্রশিক্ষণ ও মতবিনিময় সভা<br>জুম আইডি: 497 918 6732 পাসওয়ার্ড: 123456<br>--> Join BdREN Zoom Meeting from Laptop or Mobile:<br>https://bdren.zoom.us/j/4979186732?pwd=d0NGZVFlUjg4b0E0Z0Z2V0xHR1NuZz09&omn=92721338688 | রংপুর বিভাগ- ০৭/০৪/২০২৫ খ্রি. সকাল ১০-০০ ঘটিকা।<br>রাজশাহী বিভাগ- ০৭/০৪/২০২৫ খ্রি. সকাল ১১-৩০ ঘটিকা।<br>খুলনা বিভাগ- ০৮/০৪/২০২৫ খ্রি. সকাল ১০-০০ ঘটিকা।<br>বরিশাল বিভাগ- ০৮/০৪/২০২৫ খ্রি. সকাল ১১-৩০ ঘটিকা।<br>ঢাকা বিভাগ- ০৯/০৪/২০২৫ খ্রি. সকাল ১০-০০ ঘটিকা।<br>ময়মনসিংহ বিভাগ- ০৯/০৪/২০২৫ খ্রি. সকাল ১১-৩০ ঘটিকা।<br>সিলেট বিভাগ- ১০/০৪/২০২৫ খ্রি. সকাল ১০-০০ ঘটিকা।<br>চট্টগ্রাম বিভাগ- ১০/০৪/২০২৫ খ্রি. সকাল ১১-৩০ ঘটিকা। |

## নির্দেশনা-৩

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি | নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | প্রি-ভোক ৬ষ্ঠ শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন ২০২৫ নির্বাচন করতে হবে;<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। |
| ০২ | প্রি-ভোক ৭ম শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৭ম শ্রেণি নির্বাচন করতে হবে। |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি | নির্দেশনা |
|---|---|---|---|
| ০৩ | প্রি-ভোকেশনাল ৮ম শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৮ম শ্রেণি নির্বাচন করতে হবে। |
| ০৪ | এসএসসি /দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৯ম শ্রেণি নির্বাচন করতে হবে। |
| ০৫ | এসএসসি / দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে নবম শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ১০ম শ্রেণি নির্বাচন করতে হবে। |
| ০৬ | এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই একাদশ শ্রেণি নির্বাচন করতে হবে। |
| ০৭ | এইচএসসি (ভোকেশনাল) দ্বাদশ শ্রেণি | জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই দ্বাদশ শ্রেণি নির্বাচন করতে হবে। |
| | এইচএসসি (বিএমটি) একাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর,২০২৪ এবং জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি | নির্দেশনা |
|---|---|---|---|
| | এইচএসসি (বিএমটি) দ্বাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর,২০২৪ এবং জানুয়ারী-জুন, ২০২৫ | (ক) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে একাদশ শ্রেণিতে ক্লাস শুরু করেছে সেটাকে নির্ধারণ করতে হবে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। |
| ০৮ | ডিপ্লোমা ১ম পর্ব (২০২৪-২৫ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) ভর্তির সন/সেশন-যে শিক্ষা বছরে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। |
| ০৯ | ডিপ্লোমা ৩য় পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) ভর্তির সন/সেশন-যে শিক্ষা বছরে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৩য় পর্ব নির্বাচন করতে হবে। |
| ১০ | ডিপ্লোমা ৫ম পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) ভর্তির সন/সেশন-যে শিক্ষা বছরে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ)) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৫ম পর্ব নির্বাচন করতে হবে। |
| ১১ | ডিপ্লোমা ৭ম পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ) | জুলাই-ডিসেম্বর, ২০২৪ | (ক) ভর্তির সন/সেশন-যে শিক্ষা বছরে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছে।<br>(খ) অনুমোদিত তালিকার ভিত্তিতে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।<br>(গ) DTE Stipend MIS –এর বেনিফিসিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে।<br>(ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৭ম পর্ব নির্বাচন করতে হবে। |

২। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে সকল শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে:

(ক) গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত থাকতে হবে (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মার্কসীট জমা নিতে হবে);

(খ) হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে (শ্রেণি শিক্ষকের হাজিরার হার উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে);

(গ) অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে (সরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে);

(ঘ) ২ এর ক,খ,ও গ এ উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

৩। বিজ্ঞপ্তিটি ভালোভাবে পড়ে উল্লিখিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে। ডাটা এন্ট্রি সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের

অনুপ্রাণিত করতে হবে এবং মোবাইল অ্যাকাউন্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস APPS এর মাধ্যমে KYC(Know your Customer) ভেরিফাই করিয়ে নিতে হবে;

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫। বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:

(ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration এ শিক্ষার্থী তথ্য অংশের মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;

(খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

(গ) ''কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা ,২০২৩ অনুচ্ছেদ ০৯ এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি আবশ্যিকভাবে stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে।

10.03.25

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ণ/পিআইইউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
২। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ মনিটরিং রিপোর্ট প্রেরণ করার অনুরোধ সহ);
৭। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট;
৯। অধ্যক্ষ (সকল), এইচএসসি (বি এম টি) কোর্স পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
১০। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী জুম মিটিং এর আয়োজন করার অনুরোধসহ);
১২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৩। সংশ্লিষ্ট নথি।

**পরিশিষ্ট 'ক'**

**কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা কার্যক্রম**

**কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

**শিক্ষা মন্ত্রণালয়**

উপবৃত্তির জন্য আবেদন ফরম (SAF)

| আবেদনকারী শিক্ষার্থীর তথ্য | | | |
|---|---|---|---|
| আবেদনকারীর নাম | | **লিঙ্গ** | |
| জন্ম নিবন্ধন নং | | **জন্ম তারিখ** | |
| পিতার নাম | | **পিতার NID** | |
| পিতার জন্ম তারিখ | | **পিতার মোবাইল নং** | |
| মাতার নাম | | **মাতার NID** | |
| মাতার জন্ম তারিখ | | **মাতার মোবাইল নং** | |
| অভিভাবকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) | | **অভিভাবকের NID** | |
| অভিভাবকের জন্ম তারিখ | | **অভিভাবকের মোবাইল নং** | |
| অভিভাবক ও শিক্ষার্থীর সম্পর্ক | | **একাউন্ট নং এর NID** | |
| শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা | | | |
| বিভাগ | | **জেলা** | |
| উপজেলা/থানা | | **পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন** | |
| ওয়ার্ড | | **ডাকঘর** | |
| গ্রাম | | | |
| শিক্ষার্থীর বর্তমান ঠিকানাঃ (একই হলে "একই" লিখুন): | | | |
| বিভাগ | | **জেলা** | |
| উপজেলা/থানা | | **পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশ** | |
| ওয়ার্ড | | **ডাকঘর** | |
| গ্রাম | | | |

**পূর্ববর্তি শ্রেণির শিক্ষাগত তথ্য**

পূর্বের শিক্ষা প্রতিষ্ঠান/যে প্রতিষ্ঠান হতে ভর্তি/বদলি হয়েছে ( ৫ম, নবম, একাদশ ও ডিপ্লোমা ১ম পর্বের ক্ষেত্রে যে **প্রতিষ্ঠান হতে** জেএসসি/এসএসসি উত্তীর্ণ হয়ে এসেছে সে সকল সংশ্লিষ্ট তথ্য সন্নিবেশ করতে হবে)

| | | | | |
|---|---|---|---|---|
| বিভাগ | | **পাশের বছর** | | |
| জেলা | | **পরীক্ষার নাম** | | |
| উপজেলা/থানা | | **রোল নং/রেজি.নং** | | |
| পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোরেশন | | **বোর্ড** | | |
| টেকনোলজি/ট্রেড | | **ফলাফল-** | **প্রাপ্ত গড় নম্বর-** | |
| | | **হাজিরা(শতকরা)-** | **অনুষ্ঠিত ক্লাসের সংখ্যা** | |
| | | | **উপস্থিত ক্লাসের সংখ্যা** | |

**বর্তমান শ্রেণির শিক্ষাগত তথ্য**

| বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান | | | |
|---|---|---|---|
| টেকনোলজি/ট্রেড | | **পর্ব/শ্রেণি** | |
| শিফট এবং গ্রুপ | | **ক্লাস রোল** | |
| জেলা | | **উপজেলা** | |
| পৌরসভা/ইউনিয়ন/সিটি কর্পোঃ | | | |

** বদলিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে যে প্রতিষ্ঠানে বদলি হয়ে এসেছে সেই প্রতিষ্ঠানে **শিক্ষার্থীর নাম অন্তর্ভূক্ত থাকবে। পূর্বের প্রতিষ্ঠান হতে** DTE MIS এর **ট্রান্সফার অপশন হতে বর্তমান প্রতিষ্ঠানে বদলী করিয়ে দিতে হবে। বদলীকৃত শিক্ষার্থীর তথ্য নতুন করে এন্ট্রি হবেনা।**

**উপবৃত্তির নির্বাচনের শর্ত (টিক চিহ্ন দিতে হবে)**

| পড়াশুনার খরচ বহন করবে কে? | **বাবা** | **মা** | **অভিভাবক** |
|---|---|---|---|
| আবেদনকারী কি বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভূক্ত? | | | |

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারী শিক্ষার্থী কি মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান? | | | |
| আবেদনকারী কি অন্য কোন উৎস হতে বৃত্তি/উপবৃত্তি পান? | | | |
| আবেদনকারী কি কোন শারীরিক প্রতিবন্ধকতা আছে? | | | |
| **সংযুক্তি** | (সংশ্লিষ্ট সনদ বা প্রয়োজনীয় সনদ) | | |
| | | | |
| **হিসাব নং সংক্রান্ত তথ্য** | | | |
| ব্যাংক/মোবাইল ব্যাংকিং এর নাম (উদাহরণস্বরূপঃ নগদ, বিকাশ ইত্যাদি) | | | |
| শাখার নাম | | | |
| রাউটিং নাম্বার | | | |
| হিসাবের শিরোনাম | | | |
| হিসাবের ধরণ | | | |
| হিসাব নং | | | |

আবেদনকারীর স্বাক্ষর গ্রহণকারীর স্বাক্ষর প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর